

তারিখ
পৃষ্ঠা ১২ কলাম ... ৩

ঢাকা বইমেলায় সেমিনারপর্ব শুরু

বইপড়ার শখ দারিদ্র্যের কারণেই
অনেক সময় মেটানো সম্ভব হয় না

কাশজ প্রতিবেদক : মানুষের বইপড়ার শখ দারিদ্র্যের কারণেই অনেক সময় সম্ভব হয় না। দারিদ্র্যই জীবনের চাহিদাকে অপ্রিয় রকমের স্বেচ্ছায় সীমাবদ্ধ করে ফেলে। বুদ্ধিবৃত্তির বিকাশের জন্য যে জ্ঞান ও তথ্য প্রয়োজন তার চর্চা এখানে সীমিত।

পাঠক সমাজ গঠনে করণীয় বিষয়ক সেমিনারের মূল প্রবক্তার মাহফুজ উল্লাহর এই প্রবন্ধ পাঠের মধ্য দিয়েই গতকাল ঢাকা বইমেলায় মাঠে শুরু হয় ওদিনব্যাপী সেমিনার অনুষ্ঠান। এ ক্ষেত্রে এম এনামেত উল্লাহর সভাপতিত্বে উক্ত প্রবন্ধের ওপর আলোচনা করেন আবদুল হাই শিকদার, আলী ইমাম, কাজী সিরাজ প্রমুখ। মেলায় আগত দর্শক ও ক্রেতারা খুব আগ্রহ নিয়ে আলোচনা অনুষ্ঠান উপভোগ করেন।

গতকাল বুধবার ছিল ঢাকা বইমেলায় ৯ম দিন। অন্যান্য দিনের তুলনায় দর্শক ও ক্রেতা সমাগম ছিল বেশ ভালো। হরতাল শেষে ধীরে ধীরে ক্রেতা ও দর্শকদের উপস্থিতি বাড়তে থাকে। সন্ধ্যার আগে থেকেই নানা বয়সী মানুষের পদচারণায় মুগ্ধ হয়ে ওঠে মেলা প্রাসঙ্গ। সবচেয়ে লক্ষণীয় বিষয় ছিল মেলার বাহিরে প্রাসঙ্গে অপেক্ষমাণ গাড়ির বহর। তা দেখে প্রতিদিন মেলায় আসা তরুণ লেখক আরিফ আহমেদ মন্তব্য করেন, শুধু মধ্যবিত্তই নয়, বইপড়ার প্রবণতা এখন উচ্চবিত্ত ছেলেমেয়েদের মধ্যে।

এদিকে মেলায় গতকালও বেশ কিছু নতুন বই এসেছে। উল্লেখযোগ্য নতুন বইগুলো হলো সৃষ্টিগত প্রকাশিত সুদতানা জামানের দেখা কিশোর সঙ্কলিত, সাকিব সুলেহীর 'এপার বাংলা ওপার বাংলার গল্প', কেসি দাসের জীবন গড়ার গল্প। আশীর্বাদ প্রকাশনী প্রকাশ করেছে অরুণ তালুকদারের সম্পাদিত গ্রন্থ 'সেরা লেখকদের সেরা গল্প'। পালক পাবলিশার্সের প্রকাশিত নতুন বইয়ের মধ্যে রয়েছে ড. বালেদা সালাহউদ্দিনের কবিতার বই নির্বাচিত কবিতাওচ্ছ ও ড. আবুল কালামের লিখা ইংরেজি গ্রন্থ 'গ্লোবলাইজেশন এন্ড বাংলাদেশ ইন দ্য নিউ কাহি'। এ ছাড়াও অধিক বিক্রীত বইয়ের মধ্যে রয়েছে সম্পদ প্রকাশনা সংস্থার বেশ কিছু অনুবাদ গ্রন্থ, বর্ণায়ন প্রকাশনীর আবদার রশীদ সম্পাদিত হবীজনাথ ঠাকুরের নোবেল পুরস্কারপ্রাপ্ত মূল গীতাঞ্জলী, স্টুডেন্ট ওয়েজের প্রকাশিত সৈয়দ মুজতব্বী আলীর বেশ কিছু পুরোনো বইয়ের পুনর্মুদ্রণ।

সংশোধনী

৭ জানুয়ারি ভোরের কাগজে প্রকাশিত ঢাকা বইমেলায় মাঠে ৬ জানুয়ারিতে অনুষ্ঠিত কবিতা পাঠের আসর সংবাদটির একটি সংশোধনী দিয়েছেন কবি শিহাব সরকার। সংশোধনীতে তিনি বলেন, আমি উক্ত অনুষ্ঠানে আদৌ অংশ নেইনি, এমনকি ঐ দিন মেলা মাঠেও উপস্থিত হিলাম না।